গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd

স্মারক নং ৩৫.০৩.০০০০.০০১.২৭.১৩৭.২৩-১৮৫৮

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

## পরিপত্র

**বিষয় : বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) এর মোটরযান পরিদর্শক ও তদূর্ধ্ব কর্মকর্তাবৃন্দকে ক্ষমতা অর্পণ**

সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর বিভিন্ন ধারায় বিআরটিএ এর মোটরযান পরিদর্শক ও তদূর্ধ্ব কর্মকর্তাবৃন্দকে ত্রুটিপূর্ণ ও খেলাপী মোটরযান এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সবিহীন চালকের বিরুদ্ধে কার্যক্রম পরিচালনাসহ আইন প্রয়োগের ক্ষমতা অর্পণের বিধান আছে। এতদবিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০৪.০১৬.২৪-৫৬৪ নং স্মারকমূলে মোটরযান পরিদর্শক বা তদূর্ধ্ব কর্মকর্তাবৃন্দকে কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা অর্পণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) হতে ১৫ জানুয়ারি ২০২৫ তারিখে ৩৫.০৩.০০০০.০০১.২৭.১৩৭.২৩-১১০ স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়। উক্ত প্রজ্ঞাপনমূলে প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ সড়ক পরিবহণ আইন, ২০১৮ ও সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ অনুযায়ী বিভিন্ন অপরাধের অভিযোগ দায়ের, অভিযোগ নিষ্পত্তিকরণ ও অন্যান্য দায়িত্বপালনে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করবেন :

১। সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ১০৮ ধারা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী ৩ (তিন) ফর্দ সংক্ষিপ্ত অভিযোগপত্র (ফরম-৪৪) প্রস্তুত করবেন এবং অভিযুক্তকে তা পড়ে ও ব্যাখ্যা করে শোনাবেন। অভিযোগপত্রে অভিযুক্ত ব্যক্তির স্বাক্ষর বা বৃদ্ধাঙ্গুলির ছাপ গ্রহণপূর্বক অভিযোগপত্রের ০১ (এক) কপি অভিযুক্ত ব্যক্তিকে হস্তান্তর করবেন ও প্রাপ্তি স্বীকার রশিদ প্রদান করবেন। অভিযোগপত্রের ০১ (এক) কপি তার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন এবং সংযুক্ত ছক-ক অনুযায়ী রেজিস্টারে লিপিবদ্ধ করে ০১ (এক) কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন;

২। অভিযুক্ত ব্যক্তি জরিমানা দিতে ব্যর্থ হলে অপরাধকাজে ব্যবহৃত সংশ্লিষ্ট মোটরযান অথবা অপরাধের সাথে জড়িত মোটরযান চালকের নিকট থেকে অভিযোগকারী কর্মচারী কর্তৃক জব্দকৃত কাগজপত্র, দলিলাদি, ড্রাইভিং লাইসেন্স, ইত্যাদি (যদি থাকে) এর জব্দ তালিকা তৈরি করে স্বাক্ষর সমেত অব্যবহিত উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাযথভাবে হস্তান্তর/প্রেরণ করবেন;

৩। ক্ষমতা প্রাপ্ত কোন কর্মচারী মোটরযান আটক করলে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী মোটরযানটি ডাম্পিং ইয়ার্ডে প্রেরণ করবেন। মোটরযান আটক সংক্রান্ত পত্রের কপি প্রেরণপূর্বক সংযুক্ত ছক-খ অনুযায়ী অভিযোগ রেজিস্টারে সংরক্ষণ করবেন এবং প্রাপ্ত অভিযোগ ও দলিলাদির বিবরণ, ধার্যকৃত/পরিশোধিত জরিমানার পরিমাণ, ইত্যাদি উক্ত রেজিস্টারে লিপিবদ্ধ করার ব্যবস্থা করবেন;

৪। জরিমানা আরোপকারী কর্মচারী অভিযুক্তের নিকট হতে ঘটনাস্থলে আদায়কৃত জরিমানা আদায়কারী কর্মচারী সংশ্লিষ্ট সরকারি কোডে ট্রেজারি চালানের মাধ্যমে একই দিন বা পরবর্তী কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে জমা প্রদান করবেন;

৫। অভিযুক্ত ব্যক্তি/ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী জরিমানার অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান সাপেক্ষে জমাদানের রশিদ প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট নিষ্পত্তিকারী কর্তৃপক্ষের কার্যালয় থেকে অভিযোগকারী কর্তৃক জব্দকৃত বৈধ কাগজপত্র/দলিলাদি ফেরত নিতে পারবেন;

৬। অভিযোগপত্রে উল্লিখিত তারিখের মধ্যে জরিমানা পরিশোধ করা না হলে অভিযুক্ত ব্যক্তি ও মোটরযানের বিরুদ্ধে অধিক্ষেত্রাধীন আদালতে মামলা দায়ের করবেন এবং আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৭। অভিযোগকারী কর্মচারী প্রতি মাসের প্রথম সপ্তাহে এতৎসংগে সংযুক্ত ছক-গ অনুযায়ী বিগত মাসের দায়েরকৃত অভিযোগ/মামলার বিবরণ, অগ্রগতি, প্রতিবেদন সম্পর্কে কর্তৃপক্ষকে অবহিত করবেন;

৮। অভিযোগ, জরিমানা আদায়, মোটরযান আটক, মামলা দায়ের ইত্যাদি প্রতিটি ধাপের সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে নথিভুক্ত ও প্রত্যেক অভিযোগের একটি ইউনিক রেফারেন্স নম্বর ব্যবহার করে দলিলাদি সংরক্ষণ করতে হবে;

৯। গুরুতর অপরাধের ক্ষেত্রে ঘটনা সংঘটনের সময় মোবাইল বা নির্ধারিত ডিভাইসের মাধ্যমে ছবি বা ভিডিও ধারণ করে অভিযোগপত্রের সাথে সংযুক্ত করে রাখতে হবে; এবং

১০। ক্ষমতা প্রাপ্ত কোন কর্মচারী অভিযুক্তের তথ্য, অভিযোগ সংক্রান্ত দলিল এবং তদন্ত সংক্রান্ত সকল কার্যক্রমের সময় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সৌজন্য রক্ষা করবেন।

১০/৪/২৫
**মো: ইয়াসীন**
চেয়ারম্যান (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০৪০৭১১
ই-মেইল : chairman@brta.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং ৩৫.০৩.০০০০.০০১.২৭.১৩৭.২৩- ৬৬৮

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১
১০ এপ্রিল ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। পরিচালক (প্রশাসন/অডিট ও আইন/এনফোর্সমেন্ট/রোড সেফটি/প্রশিক্ষণ/ইঞ্জিনিয়ারিং/অপারেশন), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা;
২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ বিভাগীয় কার্যালয় (সকল);
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং)/উপপরিচালক, বিআরটিএ (সকল);
৬। উপপরিচালক (অর্থ), বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা;
৭। সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)/ সহকারী পরিচালক (সাধারণ), বিআরটিএ (সকল);
৮। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (পরিপত্রটি বিআরটিএ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা;
১০। মোটরযান পরিদর্শক, বিআরটিএ (সকল); এবং
১১। অফিস কপি।

১০.০৪.২৫

**মুহাম্মদ মাসুম বিল্লাহ**
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৪০৭২০
ই-মেইল: dda@brta.gov.bd

## ছক-ক

সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর-১০৮ ধারার বিধানমতে অপরাধের অভিযোগ রেজিস্টার

| ক্রমিক নং | অভিযোগ পত্র নং | প্রাপ্তির তারিখ | অভিযুক্ত ব্যক্তির নাম ও ঠিকানা | অপরাধের ধারা | অপরাধের সংক্ষিপ্ত বর্ণনা | ধার্যকৃত জরিমানা (টাকা) | জব্দকৃত মালামাল/দলিলাদির বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

| অভিযোগ নিষ্পত্তিকারী কর্মচারীর নিকট প্রেরণের তারিখ | অভিযোগ নিষ্পত্তিকারী কর্মচারীর বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ৯ | ১০ | ১১ |
| | | |

## ছক-খ

সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর-১০৮ ধারার বিধানমতে অপরাধের অভিযোগ/মামলা সংক্রান্ত রেজিস্টার

| ক্রমিক নং | অভিযোগপত্র নং | প্রাপ্তির তারিখ | অভিযুক্ত ব্যক্তির নাম ও ঠিকানা | অপরাধের ধারা | অপরাধের সংক্ষিপ্ত বর্ণনা | ধার্যকৃত জরিমানা (টাকা) | জব্দকৃত মালামাল/দলিলাদির বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

| জরিমানা পরিশোধের তারিখ, রশিদ/চালান নম্বর | কোর্টে প্রেরণের তারিখ | কোর্টের নাম | বিচারের ফলাফল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | খালাস | শাস্তি | |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | |

## ছক-গ

সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর-১০৮ ধারার বিধানমতে অপরাধের অভিযোগ/মামলা সংক্রান্ত মাসিক বিবরণী

**সার্কেলের নাম :**

| ক্রমিক নং | অভিযোগের সংখ্যা | আদায়কৃত জরিমানা | মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিচারের ফলাফল | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | খালাস | শাস্তি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |